



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/সংস্থাপন/ ৪২৭/১৬

তারিখঃ ২৫.০৪.২০১৮খ্রিঃ

**বিষয়ঃ** ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলাধীন আউলটিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ সাইফুল মালেক সিদ্দিকী এর চাকুরী থেকে অপসারণ অনুমোদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**সূত্রঃ** ০৫/০৩/২০১৭খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলাধীন আউলটিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ সাইফুল মালেক সিদ্দিকী এর চাকুরী থেকে অপসারণ অনুমোদনের জন্য মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক অপসারণ সংক্রান্ত কাগজপত্র দাখিল করা হয়।

দাখিলকৃত আবেদনের বিষয়টি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ২৭/০২/২০১৮খ্রিঃ তারিখের সভায় উপস্থাপন করা হয়। কমিটির সম্মানিত সদস্যবৃন্দ উত্থাপিত বিষয়ের সমর্থনে সুপার মোঃ সাইফুল মালেক সিদ্দিকী ও ভারপ্রাপ্ত সুপার কর্তৃক দাখিলকৃত কাগজপত্র ও মামলার রায়ের কপি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। আলোচনান্তে মামলার রায় মোতাবেক সুপার মোঃ সাইফুল মালেক সিদ্দিকীকে পূর্ববহালের করা এবং রায় অনুযায়ী ইতোপূর্বে পদক্ষেপ গ্রহণ না করায় ভারপ্রাপ্ত সুপার ও সভাপতির বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বর্ণিত অবস্থায়-

ক) আপিল এন্ড আরবিট্রেশন কমিটির গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ও মামলার রায় মোতাবেক সুপার মোঃ সাইফুল মালেক সিদ্দিকীকে পূর্ববহালের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক আগামী ০৭ (সাত) দিনের মধ্যে বোর্ডকে অবহিত করার জন্য ম্যানেজিং কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে অনুরোধ করা হলো; এবং

খ) রায় অনুযায়ী ইতোপূর্বে পদক্ষেপ গ্রহণ না করায় কেন ভারপ্রাপ্ত সুপার ও সভাপতির বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী ১০ (দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য ম্যানেজিং কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
25.4.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

  
23.4.18

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি-ম্যানেজিং কমিটি;

২) ভারপ্রাপ্ত সুপার, আউলটিয়া দাখিল মাদ্রাসা, ত্রিশাল, ময়মনসিংহ।

নং-বামাশিবো/সংস্থাপন/

তারিখঃ .০৪.২০১৮খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:**

১. উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. জনাব মোঃ সাইফুল মালেক সিদ্দিকী, সুপার, আউলটিয়া দাখিল মাদ্রাসা, ত্রিশাল, ময়মনসিংহ।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪